

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসন্তোষ নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন : $2 \times 10 = 20$
- ক) প্রবন্ধ কাকে বলে ? প্রবন্ধকে কয়টি শ্রেণীতে বিভক্ত করা যায় ? উপর্যুক্ত উদাহরণসহ বস্তুনিষ্ঠ প্রবন্ধ সম্পর্কে আলোচনা করুন। $2 + 2 + 6$
- খ) কোন কোন বৈশিষ্ট্যে পত্র সাহিত্যিক কৌলিন্য অর্জন করে ? পত্রের মধ্যে কিভাবে শিল্প ব্যক্তিত্বের প্রকাশ ঘটে তা দ্রষ্টব্যসহ ব্যাখ্যা করুন। $5 + 5$
- গ) ‘ভ্রমণ বৃত্তান্ত’ ও ‘ভ্রমণ সাহিত্য’ কি এক ? একটি সার্থক ভ্রমণ সাহিত্যের পরিচয় দিন। $8 + 6$
- ঘ) সংক্ষিপ্ত পরিচয় দিন : (যে কোন দুটির) $5 + 5$
- অ) ডায়েরী
- আ) রম্যরচনা
- ই) ঐতিহাসিক সমালোচনা পদ্ধতি।
- ২। ক) ‘কমলাকান্তের দণ্ড’ গ্রন্থের অন্তর্গত ‘বিড়াল’ প্রবন্ধে সমাজ সমস্যার উপস্থাপনা প্রসঙ্গে বিড়াল চরিত্রের অবতারণা বক্ষিমচন্দ্রের এক অনন্য শিল্পকীর্তি — মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। 15
- অথবা
- খ) ‘নির্মল শুভ সংযত হাস্য বক্ষিমই সর্বপ্রথমে বঙ্গসাহিত্যে আনয়ন করেন’ — বক্ষিমচন্দ্র সৃষ্টি হাস্যরস সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্য ‘কমলাকান্তের দণ্ড’ গ্রন্থের আপনার পাঠ্য প্রবন্ধগুলি সম্পর্কে কতখানি প্রযোজ্য আলোচনা করুন। 15

- ৩। ক) ‘ছিমপত্র’-এর বহু পত্রে ‘গল্লগুচ্ছ’ গ্রন্থের অনেক ছোটগল্লের পূর্বসূত্র কিভাবে পাওয়া যায় তা আলোচনা করুন। ১৫

অথবা

- খ) ‘ছিমপত্রের ৬৪, ৬৭ এবং ৭৭ নং পত্রে রবীন্দ্রনাথ পৃথিবীর সঙ্গে তাঁর অন্তশ্চেতনার গভীর যোগ, নাড়ীর টান অনুভব করেছেন’ — পত্র তিনটির বিষয়বস্তু অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করুন। ১৫
- ৪। ক) ভারতবর্ষের ভাষা সমস্যা ও তার সমাধানের যে উপায়গুলির কথা প্রাবন্ধিক বলেছেন ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধানুসারে সেগুলি আলোচনা করুন। ১৫

অথবা

- খ) ‘কৃষি সমস্যা ও আমরা’ প্রবন্ধে প্রাবন্ধিক কৃষি সমস্যার উৎস সন্ধানে যে যে তথ্যের উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করুন। ১৫ ১।
- ৫। ক) ‘আধুনিক সাহিত্যেরও প্রবীণ কথা এই মানবতাবাদ’ — প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গি অনুকরণ করে মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৫

অথবা

- খ) ‘তাঁদের পক্ষে অনিবার্য ছিল রবীন্দ্রনাথের অনুকরণ কিন্তু অসম্ভব ছিল রবীন্দ্র অনুসরণ।’ — লেখকের এই বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা ও বিশ্লেষণ করুন। ১৫
- ৬। নিম্নলিখিত যে কোন একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করুন : ১ × ২০ = ২০

- ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গ
 খ) উনিশ শতকের মহাকাব্যধারা
 গ) আঞ্চলিক বাংলা উপন্যাস
 ঘ) রবীন্দ্র ছোটগল্লে কিশোর চরিত্র
 ঙ) বাংলা নাটকে দেশী বিদেশী নাট্যতত্ত্বের প্রয়োগ
 চ) বাংলা কথাসাহিত্যের চলচিত্রায়ণ।

Du

১।

২।

৩।